Times Today BD

চট্টগ্রাম | 23 April, 2025

কক্সবাজারের চকরিয়ায় টাকার জাল নোট তৈরীর কারখানার সন্ধান পেয়েছে র্যাব; এসময় ঘটনাস্থল বেশ কিছু সরঞ্জামাদি সহ দুইজনকে আটক করা হয়েছে।

বুধবার বিকালে গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান, র্যাব-১৫ কক্সবাজার ব্যাটালিয়নের সহকারি পরিচালক ( আইন ও গণমাধ্যম ) ও সহকারি পুলিশ সুপার আ. ম. ফারুক।

আটকরা হল, চকরিয়া উপজেলার খুটাখালী ইউনিয়নের গর্জনতলী এলাকার আব্দুর রহমানের ছেলে মো. সুলতান (৫৪) এবং ঈদগাঁও উপজেলার ইসলামপুর ইউনিয়নের সবুজ ছায়া এলাকার মৃত মীর আহমেদের ছেলে জাফর আলম (৩৩)।

আ. ম. ফারুক বলেন, সম্প্রতি কক্সবাজারের বিভিন্ন এলাকায় কারখানা স্থাপন করে সংঘবদ্ধ চক্রের সদস্যরা জাল টাকার তৈরীর খবর পায় র্যাব।মঙ্গলবার বিকালে চকরিয়ার খুটাখালী ইউনিয়নের গর্জনতলী এলাকায় গোপন কারখানা স্থাপন করে চক্রটির কতিপয় লোকজন জাল টাকার নোট তৈরীর খবরে র্যাবের একটি দল অভিযান চালায়।এতে সন্দেহজনক কারখানাটি ঘিরে ফেললে র্যাব সদস্যদের উপস্থিতি টের পেয়ে ৩/৪ জন লোক দৌঁড়ে পালানোর চেষ্টা চালায়।এসময় ধাওয়া দিয়ে দুইজনকে আটকরা সম্ভব হলেও অন্যরা পালিয়ে যায়।

“ পরে ঘটনাস্থলে তল্লাশী চালিয়ে পাওয়া যায় জাল নোট তৈরীর ১০০০ হাজার টাকা মানের ২৭ টি বান্ডিল ও ৫০০ টাকা মানের ৩৩ টি বান্ডিল, জাল নোট তৈরীর ১ টি যন্ত্র এবং ৫০ টি

লেমেন্টিং পেপার।“

র্যাবের এ গণমাধ্যম কর্মকর্তা বলেন, “ আটকরা চিহ্নিত অপরাধী চক্রের সদস্য।আটকদের মধ্যে মো. সুলতানের বিরুদ্ধে জাল নোট তৈরীর অভিযোগে বিশেষ ক্ষমতা আইনে একটি মামলা রয়েছে।

আটকদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনে চকরিয়া থানায় মামলা করা হয়েছে বলে জানান, সহকারি পুলিশ সুপার আ. ম. ফারুক।

জাল টাকা র‍্যাব আটক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 21:06

URL: https://timestodaybd.com/chittagong/1336775807